বর্ডার গার্ড বাংলাদেশ এর মাসিক প্রকাশনা


# বিজিবি বুলেটিন

• দ্বিতীয় বর্ষ • ৮ম সংখ্যা • ভাদ্র-আশ্বিন ১৪২৮ • সময়সীমা : ০১-৩১ আগস্ট ২০২১



০৩ আগস্ট ২০২১ তারিখে বিজিবি সদর দপ্তর, পিলখানায় বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন Dr. Binoy George, Deputy High Commissioner, India.

## সূচিপত্র




বিজিবি মহাপরিচালকের পরিদর্শন

সুবেদার মেজর (অবসর)

কল্যাণমূলক কর্মকাণ্ড

করোনা ভাইরাস সংক্রান্ত প্রতিবেদন

মৃত্যু প্রতিবেদন

সিজার প্রতিবেদন

দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক

জনসচেতনতামূলক সভা

গরিব দুঃস্থদের মাঝে খাদ্য বিতরণ

অপারেশন ও প্রশিক্ষণ



bgbbuletin@gmail.com

www.bgb.gov.bd




১৮ আগস্ট ২০২১ তারিখে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর কোয়ার্টার গার্ড পরিদর্শনকালীন পরিদর্শন বইতে স্বাক্ষর করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।



১৮ আগস্ট ২০২১ তারিখে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি কর্তৃক মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর ব্যবস্থাপনায় পরিচালিত আরএল ক্যাডার-০২/২০২১ পরিদর্শনের স্থিরচিত্র।




২৩ আগস্ট ২০২১ তারিখে ফেনী ব্যাটালিয়ন (৪ বিজিবি) পরিদর্শনকালীন কোয়ার্টার গার্ড এর গার্ড সালাম গ্রহণ করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।



১৮ আগস্ট ২০২১ তারিখে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর পলিয়ানপুর বিওপি পরিদর্শনকালীন সৈনিকদের সাথে মত বিনিময় এবং বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।



২৩ আগস্ট ২০২১ তারিখে ফেনী ব্যাটালিয়ন (৪ বিজিবি) এর মজুমদারহাট বিওপি পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

## সুবেদার মেজর (অবসর)



জেসিও-৬৪৭০ সুবেদার মেজর
মোহাম্মদ মনসুর আহমেদ, পিবিজিএম
রামগড় ব্যাটালিয়ন (৪৩ বিজিবি)
অবসরের তারিখ : ০৬-০৮-২১



জেসিও-৭০১৩ সুবেদার মেজর
মোঃ সাখাওয়াত হোসেন
নারায়ণগঞ্জ ব্যাটালিয়ন (৬২ বিজিবি)
অবসরের তারিখ : ০৭-০৮-২১

## কল্যাণমূলক কর্মকাণ্ড

| ক্রমিক | কাজের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। | সীমান্ত তহবিল হতে বিজিবি সদস্য এবং তাদের পরিবারবর্গের কল্যাণার্থে ও উন্নয়নমূলক কাজে ব্যয় | ৪৫,১১,৩২,৪৯৭/- |
| ২। | বিজিবি স্বাস্থ্য সহায়তা তহবিল হতে ০৬ জন বিজিবি সদস্যকে চিকিৎসার জন্য অনুদান প্রদান | ৬,৪৪,৭৭৪/- |

## করোনা ভাইরাস সংক্রান্ত প্রতিবেদন

আগস্ট ২০২১ মাস পর্যন্ত ৮১৪ জন বিজিবি সদস্য কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছে। এর মধ্যে সুস্থ হয়েছে ৭৬৮ জন এবং মৃত্যুবরণ করেছে ০৯ জন। সুস্থতার হার প্রায় ৯৪%।

## মৃত্যু প্রতিবেদন

| ক্রমিক | নম্বর, পদবি ও নাম | ইউনিট | মৃত্যুর তারিখ | মৃত্যুর কারণ |
|---|---|---|---|---|
| ১। | নম্বর ৭৭৭৫৬ ল্যান্স নায়েক মোঃ ফরিদ উদ্দিন | নাইক্ষ্যংছড়ি ব্যাটালিয়ন (১১ বিজিবি) | ০৪-০৮-২১ | FEVER AND COUGH |
| ২। | নম্বর ১০১৮৯০ সিপাহী গৌতম | মারিশ্যা ব্যাটালিয়ন (২৭ বিজিবি) | ০৫-০৮-২১ | ATYPICAL PNEUMONIA WITH MODS WITH SUSPECTED CEREBRAL MALARIA |
| ৩। | এম-৭৪ মালী মোঃ আমিরুল ইসলাম | রিজিয়ন সদর দপ্তর, যশোর | ০৭-০৮-২১ | UNCONTROLLED DM WITH BR ASTHMA WITH ABSESS BELOW LEFT KIDNEY WITH SEPTICAEMIA |
| ৪। | নম্বর ৫১১৬৭ হাবিলদার ফরিদ সিকদার | জামালপুর ব্যাটালিয়ন (৩৫ বিজিবি) | ১৭-০৮-২১ | SUDDEN CARDIAC ARREST |
| ৫। | নম্বর ৭০৭৬৬ ল্যান্স নায়েক চালক মোঃ রফিকুল ইসলাম | জকিগঞ্জ ব্যাটালিয়ন (১৯ বিজিবি) | ১৯-০৮-২১ | MASSIVE HEART ATTACK |
| ৬। | জিডি নং ২৫০৮৫০ রিক্রুট মোঃ সাকিব জোয়ার্দার | বিজিটিসিএন্ডসি, বায়তুল ইজ্জত, চট্টগ্রাম | ২৩-০৮-২১ | SUSPECTED STROKE |

## সিজার প্রতিবেদন

আগস্ট ২০২১ মাসে ১০৫,৩৪,৯৮,৯৪৭/- টাকা মূল্যের মাদকদ্রব্য এবং চোরাচালানী পণ্য আটক করা হয়েছে। আটককৃত মাদকদ্রব্যের মধ্যে ২৬,৬৩,১২৪ পিস ইয়াবা ট্যাবলেট, ১০,৫৮৯ বোতল ফেনসিডিল, ৮.৪১৯ কেজি হেরোইন, ১৫,৮৯৬ বোতল বিদেশি মদ, ৪৯,১২৮ বোতল বিয়ার, ৫৮৪.৬০০ লিটার দেশি মদ, ১,৭৩৩.১৪০ কেজি গাঁজা এবং ৫,২৫০ টি নেশাজাতীয় ইনজেকশন রয়েছে। বিভিন্ন প্রকারের উদ্ধারকৃত অস্ত্র ও গোলাবারুদের মধ্যে রয়েছে ০৫টি পিস্তল, ১২টি গান, ২৮ রাউন্ড গোলাবারুদ, ০৩টি ৬০ মি.মি. মর্টার বম্ব, ০২টি ৪০ মি.মি. আরএল বম্ব এবং ০১টি খালি খোসা। এ ব্যাপারে ২,৪৩৯টি মামলা দায়ের এবং ৪০০ জন চোরাকারবারিকে আটক করা হয়েছে।

## দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

| ক্রমিক | নম্বর, পদবি, নাম ও ইউনিট | অপরাধের সংক্ষিপ্ত বিবরণ, প্রদত্ত শাস্তি এবং শাস্তি প্রদানের তারিখ |
|---|---|---|
| ১। | নম্বর ৯৬৬২৩ সিগন্যালম্যান<br>মোঃ বায়েজিদ মিয়া<br>হবিগঞ্জ ব্যাটালিয়ন (৫৫ বিজিবি) | বয়স পূর্তির পূর্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে মোছাঃ ইসমত জাহান এর সাথে বিবাহ বন্ধন, পারিবারিক কলহের জের ধরে স্ত্রীকে খোলা তালাক প্রদান এবং চরিত্র স্খলনজনিত অপরাধের মধ্য দিয়ে বেসামরিক পরিমণ্ডলে বিজিবি-এর ভাবমূর্তি ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ০৩-০৮-২১।** |
| ২। | নম্বর ৮১৩৮৩ সিপাহী<br>এস এম সাইফুল ইসলাম<br>যশোর ব্যাটালিয়ন (৪৯ বিজিবি) | শালকোনা বিওপিতে কর্তব্যরত থাকাকালীন অসৎ উদ্দেশ্য চরিতার্থ করার জন্য জনৈকা মহিলার বাড়িতে গমন এবং স্থানীয় জনগণ কর্তৃক ধৃত হয়ে বেসামরিক পরিমণ্ডলে বিজিবি-এর ভাবমূর্তি ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ০৫-০৮-২১।** |
| ৩। | নম্বর ৭০৮১১ ল্যান্স নায়েক<br>সাজেদুর রহমান<br>জকিগঞ্জ ব্যাটালিয়ন (১৯ বিজিবি) | বিজিবি এবং বাংলাদেশ সেনাবাহিনীর স্পর্শকাতর ও গুরুত্বপূর্ণ তথ্যাদি অর্থের বিনিময়ে ভারতে পাচার এবং নিয়ম বহির্ভূতভাবে ০৯টি সিমকার্ড ও ০৩টি মোবাইল নিজের কাছে সংরক্ষণ করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত ও ০১ (এক) বছরের সশ্রম কারাদণ্ড, শাস্তি প্রদানের তারিখ- ০৮-০৮-২১।** |
| ৪। | নম্বর ৭৪১৭৪ নায়েক সহকারী<br>মোঃ রুবেল জোয়ার্দার<br>লালমনিরহাট ব্যাটালিয়ন (১৫ বিজিবি) | ইউনিটের অভ্যন্তরে সরকারি রেজিমেন্টাল কোয়ার্টারে সপরিবারে বসবাসরত অবস্থায় অন্য বিজিবি সদস্যের স্ত্রীর সাথে অনৈতিক সম্পর্ক স্থাপন, ৪৬ জন বিজিবি সদস্যের স্ত্রীর মোবাইল নম্বর সংগ্রহ পূর্বক 'কথা পরিবর্তন' অ্যাপস ব্যবহার করে অনৈতিক সম্পর্ক স্থাপনের চেষ্টা এবং নিয়ম বহির্ভূতভাবে ১৪টি সিম কার্ড ব্যবহার করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ০৯-০৮-২১।** |
| ৫। | নম্বর ৮১৮২৫ সিপাহী<br>মোঃ মানিক হোসেন<br>মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) | সৈনিক লাইন হতে পলায়ন করে স্বেচ্ছায় ইউনিটে যোগদান, বয়স পূর্তির পূর্বে বিবাহ, ১ম স্ত্রী ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ, পরবর্তীতে ২য় স্ত্রীকে তালাক প্রদান এবং ইউনিফর্ম পরিহিত ও সমন্বিত টহলের অস্ত্রসহ ছবি ব্যক্তিগত মোবাইলে সংরক্ষণ করে ভাইবার ও ফেসবুক পেইজে শেয়ার করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত ও ০১ (এক) বছরের সশ্রম কারাদণ্ড, শাস্তি প্রদানের তারিখ- ০৯-০৮-২১।** |
| ৬। | নম্বর ৯১৮১৫ সিপাহী<br>মোঃ তরিকুল ইসলাম<br>সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) | বয়স পূর্তির পূর্বে বিবাহ, ১ম স্ত্রীকে শারিরীক ও মানসিক নির্যাতন, কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ২য় বিবাহ এবং ছুটিতে অবস্থানকালীন ঘুমের ঔষধ সেবনে গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ১১-০৮-২১।** |
| ৭। | নম্বর ৬২৯৫৮ নায়েক<br>মোঃ মনজুর রহমান<br>টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) | মানব পাচারকারী দালাল চক্রের সাথে যোগসাজশের মাধ্যমে ৫০,০০০/- টাকা উৎকোচ হিসেবে গ্রহণ করে Forcibly Displaced Myanmar National (FDMN) কে অবৈধভাবে সীমান্ত পারাপারে সুযোগ করে দেয়া, প্রভাব খাটিয়ে সোর্স ও মাঝির প্রাপ্ত অর্থ আত্মসাৎ, জনৈকা মহিলার সাথে অবৈধ সম্পর্ক স্থাপন করে আপত্তিকর ছবি আদান প্রদান এবং সীমান্ত নিয়ন্ত্রণ ও পরিচালনার দায়িত্বে ব্যর্থতা ও অবহেলা করে বেসামরিক পরিমণ্ডলে বিজিবি-এর ভাবমূর্তি ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত ও ০১ (এক) বছরের সশ্রম কারাদণ্ড, শাস্তি প্রদানের তারিখ- ১২-০৮-২১।** |
| ৮। | নম্বর ৬৯৩৫৮ নায়েক<br>মোঃ মজিবুর রহমান<br>টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) | মানব পাচারকারী দালাল চক্রের সাথে যোগসাজশের মাধ্যমে ১,২০,০০০/- টাকা উৎকোচ গ্রহণ করে ৮০ (আশি) জন Forcibly Displaced Myanmar National (FDMN) কে অবৈধভাবে সীমান্ত পারাপারে সহায়তা এবং সীমান্ত নিয়ন্ত্রণ ও পরিচালনার দায়িত্বে ব্যর্থতা ও অবহেলা করে বেসামরিক পরিমণ্ডলে বিজিবি-এর ভাবমূর্তি ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত ও ০১ (এক) বছরের সশ্রম কারাদণ্ড, শাস্তি প্রদানের তারিখ- ১২-০৮-২১।** |
| ৯। | নম্বর ৬৯৯৩৩ ল্যান্স নায়েক<br>হযরত আলী<br>টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) | মানব পাচারকারী দালাল চক্রের সাথে যোগসাজশের মাধ্যমে ২,২০,০০০/- টাকা উৎকোচ গ্রহণ করে ৮০ (আশি) জন Forcibly Displaced Myanmar National (FDMN) কে অবৈধভাবে সীমান্ত পারাপারে সহায়তা এবং সীমান্ত নিয়ন্ত্রণ ও পরিচালনার দায়িত্বে ব্যর্থতা ও অবহেলা করে বেসামরিক পরিমণ্ডলে বিজিবি-এর ভাবমূর্তি ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত ও ০১ (এক) বছরের সশ্রম কারাদণ্ড, শাস্তি প্রদানের তারিখ- ১২-০৮-২১।** |
| ১০। | নম্বর ৭৪৩১২ নায়েক সহকারী<br>দীন মোহাম্মদ শওকত আলী<br>বাজেট পরিদপ্তর, ঢাকা | বাজেট পরিদপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন ঠাকুরগাঁও ব্যাটালিয়ন (৫০ বিজিবি) এর প্রাক্তন অধিনায়কের ব্যক্তিগত ছবি, এনআইডি কার্ড এবং বিজিবি আইডি কার্ড ব্যবহার করে ব্যাংক আল ফালাহ্, ধানমন্ডি শাখা, ঢাকাতে 'সীমান্ত তহবিল' নামে একটি ভুয়া একাউন্ট খোলে। পরবর্তীতে বিভিন্ন ইউনিট হতে 'সীমান্ত তহবিলে' পে-অর্ডারের মাধ্যমে প্রেরিত ৫২,৮৮,৫০০/- টাকা আত্মসাতের উদ্দেশ্যে আল ফালাহ্ ব্যাংকের ভুয়া একাউন্টে জমা করে। এছাড়াও বিভিন্ন ব্যাংকে ০৮টি একাউন্ট খোলা, বিভিন্ন ধরনের ট্রেড লাইসেন্স ব্যবহার, নিজ এলাকাতে 'বন্ধু সংগঠন' নামক সমিতি গঠন, অবৈধভাবে পাসপোর্ট তৈরি করে ব্যবসা সংক্রান্ত কাজে থাইল্যান্ড ও ভারতে গমন করে। বিচারকার্য চলাকালীন পিলখানার কেন্দ্রীয় কোয়ার্টার গার্ড হতে পলায়ন করে এবং পরবর্তীতে ধৃত হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত ও ০৭ (সাত) বছরের সশ্রম কারাদণ্ড, শাস্তি প্রদানের তারিখ- ১৬-০৮-২১।** |
| ১১। | নম্বর ১০৫৭০০ সিপাহী<br>মোঃ সাইফুল ইসলাম<br>সুনামগঞ্জ ব্যাটালিয়ন (২৮ বিজিবি) | বয়স পূর্তির পূর্বে বিবাহ, যৌতুক গ্রহণ, স্ত্রীকে ভরণ-পোষণ না দেয়া, সংসার করতে অসম্মতি প্রকাশ এবং পরকীয়ায় লিপ্ত হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ২৪-০৮-২১।** |
| ১২। | নম্বর ৮১৩২৭ ল্যান্স নায়েক<br>মোহাম্মদ আমিনুল ইসলাম<br>সুলতানপুর ব্যাটালিয়ন (৬০ বিজিবি) | বয়স পূর্তির পূর্বে বিবাহ, ভুয়া কাবিননামা তৈরি, জনৈকা মোসাঃ সারমিন আক্তার এর সাথে পরকীয়ায় জড়িয়ে বেসামরিক হোটেলে রাত্রিযাপন, ১ম স্ত্রীকে তালাকের নোটিশ দেওয়া ও মোবাইলে তিন তালাক প্রদান, ছুটি হতে অনুপস্থিত এবং ১ম স্ত্রী ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ৩১-০৮-২১।** |




২৬ আগস্ট ২০২১ তারিখে অধিনায়ক, দিনাজপুর ব্যাটালিয়ন (৪২ বিজিবি) এবং কমান্ড্যান্ট, ৭২ বিএসএফ ব্যাটালিয়ন এর সাথে ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের স্থিরচিত্র।



২৭ আগস্ট ২০২১ তারিখে অপস্ অফিসার, জামালপুর ব্যাটালিয়ন (৩৫ বিজিবি) কর্তৃক দাঁতভাংগা বিওপিতে জনসচেতনতামূলক সভা পরিচালনার স্থিরচিত্র।



১৫ আগস্ট ২০২১ তারিখে অধিনায়ক, ঢাকা ব্যাটালিয়ন (৫ বিজিবি) কর্তৃক **'জাতীয় শোক দিবস'** উপলক্ষ্যে গরিব দুঃস্থদের মাঝে খাদ্য বিতরণের স্থিরচিত্র।



বিজিটিসিএন্ডসি এর ব্যবস্থাপনায় পরিচালিত ৯৭তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকৃত রিক্রুটদের কোয়ারেন্টাইন প্রশিক্ষণসূচি অনুযায়ী ক্লাশ পরিচালনার স্থিরচিত্র।



সেক্টর কমান্ডার, ঠাকুরগাঁও কর্তৃক নীলফামারী ব্যাটালিয়ন (৫৬ বিজিবি) এর ব্যবস্থাপনায় পরিচালিত বর্ডার কন্ট্রোল ম্যানেজমেন্ট কোর্স গ্রেড-২ (ল্যা. না. জিডি)-০২/২০২১ পরিদর্শনের স্থিরচিত্র।



চাঁপাইনবাবগঞ্জ ব্যাটালিয়ন (৫৩ বিজিবি) এর অধীনে সকল বিওপিতে সৈনিকদের পেশাগত প্রশিক্ষণের মান যাচাইয়ের জন্য বিভিন্ন অস্ত্রের উপর সতেজকরণ প্রশিক্ষণ পরিচালনার স্থিরচিত্র।



০৯ আগস্ট ২০২১ তারিখে নেত্রকোণা ব্যাটালিয়ন (৩১ বিজিবি) এর অধীনে বিজয়পুর বিওপি-এর টহল দল বিভিন্ন প্রকার ভারতীয় কস্‌মেটিক্স সামগ্রী আটক করতে সক্ষম হয়, যার সিজার মূল্য ৫৫,২৯,৫৫৪/- টাকা।



১৪ আগস্ট ২০২১ তারিখে বাবুছড়া ব্যাটালিয়ন (৭ বিজিবি) এর লানতারাল বিওপি কর্তৃক পরিচালিত টহল কার্যক্রমের স্থিরচিত্র।